

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

কর্ণফুলী ট্যানেল এলাকা পরিদর্শন করেন  
চসিক মেয়র রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ মঙ্গলবার সকালে পতেঙ্গাস্থ কর্ণফুলী ট্যানেলের সংযোগ এলাকা পরিদর্শন করেন। সিটি কর্পোরেশন এলাকায় ট্যানেলের সাংযোগ সড়ক ও নালা উন্নয়ন কাজ দ্রুত শেষ করার জন্য প্রকৌশলী বিভাগকে নির্দেশনা প্রদান করেন। সে সময় সিটি মেয়রের সাথে ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতি. প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, মনিরুল হুদা, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত

দেওয়ান হাট আরমান হোটেলকে ১ লক্ষ টাকা ও  
হামজারবাগ মায়ের দোয়া বেকারীকে ২৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য প্রস্তুত করার দায়ে নগরীর দেওয়ানহাট আরমান হোটেল মালিককের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ লক্ষ টাকা এবং হামজারবাগ মায়ের দোয়া বেকারী ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩